

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ বিদেশি বিশেষজ্ঞ/ প্রকর্মীদের বিকল্প হিসেবে দক্ষতাসম্পন্ন স্থানীয় কর্মী নিয়োগ প্রদান প্রসঙ্গে।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এর নিবন্ধনভুক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহে স্বল্প/নিম্ন দক্ষতাসম্পন্ন বিদেশি বিশেষজ্ঞ/প্রকর্মী নিয়োগের প্রবণতা ব্যাপক হারে লক্ষ্য করা যাচ্ছে। এ সকর পদ সহজেই স্থানীয় সুদক্ষ জনবল দ্বারা পূরণ করা সম্ভব। প্রাথমিকভাবে স্বল্প/নিম্ন দক্ষতাসম্পন্ন বিদেশি বিশেষজ্ঞ/প্রকর্মীদের অনুকূলে ডিসার সুপারিশ ও কর্মানুমতি প্রদান করা হবে না, করা হলেও ৩/৪ মাসের জন্য প্রদান করা হবে মর্মে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নির্বাহী পরিষদের ১৮/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত ৩য় সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিদেশি বিশেষজ্ঞ/প্রকর্মী নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় সমূহের দিকে লক্ষ্য রাখার জন্য পরামর্শ প্রদান করা হ'ল :

- বিদেশি বিশেষজ্ঞ/প্রকর্মী নিয়োগের ক্ষেত্রে উচ্চ যোগ্যতা ও দক্ষতা সম্পন্ন কর্মী নিয়োগ করতে হবে।
- দেশে সংশ্লিষ্ট Competence এর লোক পাওয়া না গেলে বিশেষ বিবেচনায় স্বল্প সময়ের জন্য স্বল্প/নিম্ন দক্ষতাসম্পন্ন বিদেশি বিশেষজ্ঞ/প্রকর্মী নিয়োগ করা যেতে পারে।
- তবে উভয় ক্ষেত্রে উল্লিখিত ক্যাটাগরীর বিদেশি বিশেষজ্ঞ/কর্মী নিয়োগের লক্ষ্যে দাখিলকৃত আবেদনের সাথে নির্ধারিত সময়ের মধ্যে বিদেশি প্রকর্মী দ্বারা প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা সৃষ্টির একটি রূপরেখা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে।

এমতাবস্থায়, সকল চেম্বারের আওয়াতাযীন/নিবন্ধনভুক্ত শিল্প প্রতিষ্ঠানসমূহকে উপরোক্ত বিষয়টি অবহিত হওয়ার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

